২০৭২৬৮

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

তাগিদ পত্র

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭৫৩৬৭৫৪১/ ৬০৬২ / নথি নং-নোয়াখালী-১১২ তারিখ: ৮.০১.২০১৯ খ্রি:

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগন্জ উপজেলাধীন বাকীপুর ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার নিয়মিত কমিটিতে একজন সদস্য অবৈধভাবে অভিভাবক সদস্য পদে নির্বাচন করায় জনৈক মো: ইয়াকুব অত্র বোর্ডে একখানা অভিযোগপত্র দাখিল করেছেন।উক্ত পত্রের প্রেক্ষিতে গত ৩১-০১-২০১৮ তারিখে নং বামাশিবো/প্রশাসন ২৩৩১৭৫৩৬৭৫৪১/২৭৯৬/ নথি নং-নোয়াখালী-১১২ স্মারকে উপজেলা নির্বাহী অফিসার বেগমগন্জ, নোয়াখালীকে অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হলে অদ্যাবদি তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন নাই (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপর্যুক্ত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক পাতা। ৩ পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৮.০১.১৯
প্রফেসর মো: মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: উপজেলা নির্বাহী অফিসার,
বেগমগন্জ, নোয়াখালী

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭৫৩৬৭৫৪১/--------- / নথি নং- নোয়াখালী-১১২ তারিখ: .০১.২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নোয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেগমগন্জ, নোয়াখালী
৪. সভাপতি, বাকীপুর সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, বেগমগন্জ, নোয়াখালী।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বাকীপুর সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, বেগমগন্জ, নোয়াখালী।
৬.জনাব মো: ইয়াকুব,পো: টি পিবটিকা, বেগমগন্জ, নোয়াখালী।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মো: মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বক্শীবাজার, ঢাকা।

বিষয় : **অবৈধ অভিভাবক সদস্য পদ হতে বহিষ্কার করা প্রসঙ্গে।**

জনাব,

বিনয়ের সাথে জানাচ্ছি যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা একটি ঐতিহ্যবাহী দ্বিনী শিক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে মোঃ আবু হোরায়রা, পিতা মকবুল আহমদ নামে একজন সদস্য অবৈধভাবে অভিভাবক সদস্য পদ দখল করে আছেন। উক্ত ব্যক্তি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক। উপজেলা জামায়াত শিবিরের সূরা সদস্য। তিনি তার ছেলে মোঃ আতা উল্লাহ ইয়ামীনকে ২০১৬ ইং সনে উক্ত মাদ্রাসায় ভর্তি দেখিয়ে অভিভাবক সদস্য হন। যার রোল নং ৫৫, শ্রেণী দাখিল ৭ম। কিন্তু একই বছর তিনি তার ছেলেকে কৌশলে অত্র মাদ্রাসা থেকে নিয়ে প্রাইভেট প্রতিষ্ঠান নোয়াখালী ক্যাডেট মাদ্রাসায় ভর্তি করান। এবং ২০১৭ ইং সনে বেগমগঞ্জ উপজেলাধীন পশ্চিম অনন্তপুর আলিম মাদ্রাসা হতে জেডিসিতে অংশগ্রহন করান। যার নাম আতাউল্লাহ ইয়ামীন, রোল নংঃ ৩৫৭৬১৬, রেজি নংঃ ১৭১৮৬৮৭৮৬৪, কেন্দ্র বেগমগঞ্জ (২) একলাসপুর। একজন সচেতন অভিভাবক হিসেবে প্রশ্ন হলো তার সন্তান প্রতিষ্ঠানে না থাকলে কীভাবে তার ম্যানেজিং কমিটির সদস্য পদ বহাল থাকে। উপরন্ত আবু হোরায়রা বিগত পর পর (১৩) তেরটি সভায় অনুপস্থিত থাকে এবং একজন সরকারী শিক্ষক হয়েও অন্য প্রতিষ্ঠানে বিশৃঙ্খল কর্মকান্ড পরিচালনা করে থাকেন। এ ক্ষেত্রে তার এ সকল কর্মকান্ডে মাদ্রাসার দুজন শিক্ষক প্রত্যক্ষ এবং পরোক্ষ্য ভাবে জড়িত যা তদন্তকালীন সময় প্রকাশ হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার অনুমতি ছাড়াই তিনি এ দায়িত্বে বহাল আছেন। তার বিরুদ্ধে বিদেশ প্রেরণের নামে প্রতারণা ও চাকুরির তথবির সংক্রান্ত অসংখ্য অভিযোগ সংশ্লিষ্ট থানায় রয়েছে। একজন সরকারী শিক্ষক হয়ে কীভাবে অন্য প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্য হন এবং দুর্নীতি করে তা আমাদের বোধগম্য নয়।

অতএব, মহোদয়ের নিকট আমরা সচেতন অভিভাবক মহলের পক্ষ থেকে আকুল আবেদন, অত্র মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের পড়ালেখার স্বার্থে উক্ত অবৈধ অভিভাবক সদস্যকে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য পদ হতে অব্যাহতি দিয়ে তাকে এবং তার অবৈধ কর্মকান্ডের সহযোগী শিক্ষকদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহনে মহোদয়ের মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক,

মো: ইয়াকুব

(মোঃ ইয়াকুব)
পোঃ টি, পি , বটিকা
বেগমগঞ্জ, নোয়াখালী।
মোবা: ০১৮১-৭৫৩৬৭৫৪
বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার অভিভাবকগণের পক্ষে।

**অনুলিপিঃ**
১। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক কমিটি অনুমোদন পত্র।

তারিখ ঃ

বরাবর,

রেজিস্ট্রার মহোদয়।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্‌শি বাজার ঢাকা।

বিষয় ঃ বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা নবগঠিত ম্যানিজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ প্রসংঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন আমি নিন্ম স্বাক্ষর কারী মো: আবদুল কাদের পিতা: ফজল হক বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার বর্তমান ম্যানিজং কমিটির সাধারন অভিভাবক সদস্য পদে মনোনয়ন পত্র নিয়ে থাকি। প্রত্যাহার এর তারিখ ছিল ১১/০৪/২০১৮ আমি বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম আমার মনোনয়ন পত্র প্রত্যাহার হয়ে গেছে। বর্তমান সভাপতি কামরুল হাসান, সহ সুপার মো: নুর উদ্দিনের মাধ্যমে সুকৌশলে মনোনয়ন পত্র নেয়ার সময় আমার থেকে সাদা কাগজে স্বাক্ষর নিয়ে নেয়। যেহুতু মনোনয়ন পত্র বিলের দায়িত্বে ছিল সহ সুপার জনাব মাওঃ নুর উদ্দিন। আমি কাগজটা এলাকা বাসীকে বানাইছিলাম। বর্তমান সভাপতি বিভিন্ন ভাবে আমাকে ভয় ভিতি দেখায়, আমি স্ব ইচ্ছায় মনোনয়ন পত্র পত্র প্রত্যাহার করিনাই। চর চাতুরি করে আমার থেকে স্বাক্ষর নিয়ে যায়।

অতএব

মহোদয় সমীপে আকুল আবেদন চল চাতুরি করে সাদা কাগজে স্বাক্ষর নিয়ে মনোনয়ন পত্র প্রত্যাহার দেখানের জগন্য প্রহসনের নির্বাচন স্থগিত করে প্রয়োজনিয় ব্যাবস্থা গ্রহনে জনাবের মর্জি কামনা করছি।

তাং- ২৩/৫/২০১৮ইং

বিনিত নিবেদক

মো: আবদুল কাদের

মো: আবদুল কাদের
সাধারন অভিভাকক প্রার্থী
ইবি শাখা
বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা
মোবা: ০১৮৩৭১৬৭৮১১
ভোটার নং: ৬৬

মাননীয়,

চেয়ারম্যান মহোদয়

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয় ঃ ২৯/০৪/২০১৮ ইং তারিখে বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য পদ হতে অব্যাহতি প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন যে, আমি নিম্নস্বাক্ষর কারী এ এইচ এম জহিরুল ইসলাম পিতা মৃত আবদুল কাদের বিগত ২৯/০৪/২০১৮ ইং তারিখে বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য নির্বাচিত করা হয়। আমি উক্ত পদ হতে স্ব ইচ্ছায় স্বজ্ঞানে পদত্যাগ করলাম।

অতএব, আমার পদত্যাগ পত্র খানা গ্রহন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে মহোদয়ের মর্জি কামনা করি।

বিনীত নিবেদক

এ.এইচ.এম জহিরুল ইসলাম

এ এইচ এম জহিরুল ইসলাম

দাতা সদস্য

(ভ) টাকা নং ০৭ = ২০১৮

তাং- ২৯/০৭/১৮ইং

মাননীয়,

চেয়ারম্যান মহোদয়

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,  ঢাকা।

বিষয় ঃ শিক্ষক প্রতিনিধি পদ হতে পদত্যাগ প্রসঙ্গে।

মহাত্মন,

বিনীত নিবেদন যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ হাসান , পিতা মৃত মৌলভী নাছির আহমদ বিগত ২৯/০৪/২০১৮ ইং তারিখে বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা বেগমগঞ্জ নোয়াখালী। ম্যানেজিং কমিটির নির্বাচনে ইবতেদায়ী শাখা হতে শিক্ষক প্রতিনিধি হিসেবে নির্বাচিত করা হয় ।নির্বাচন প্রহসন মূলক হওয়ার কারনে আমি ওই নির্বাচন বর্জন করতঃ স্ব ইচ্ছায় স্বজ্ঞানে শিক্ষক প্রতিনিধি পদ হতে পদত্যাগ করলাম।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন যে আমার পদত্যাগপত্র খানা গ্রহন করে উক্ত কমিটি বাতিল করার জন্য মহোদয়ের মর্জি কামনা করি।

বিনীত নিবেদক

মোঃ হাসান

মোঃ হাসান

শিক্ষক প্রতিনিধি,

ইবতেদায়ী শাখা

ভোটার নং -১১

২৯/৭/২০১৮ইং